Music Cafe
(সুদীর্ঘ ১৩ বছর ধরে সাফল্যের শীর্ষে)
এখানে Spanish Guitar (গিটার), Hawaiin Guitar , Violin (বেহালা), Synthesizer (Keyboard), Ukulele এবং Mouth Organ
অত্যন্ত যত্ন সহকারে শেখানো হয়।
Teacher- Arup Kumar Mahapatra
9734895880, মনোহরচক,কাঁথি

দৈনিক চেতনা

রিপোর্টিং ও WhatsApp - ৭৪৭৭৬৮৭৩৬৩ ☐ বিজ্ঞাপন - WhatsApp ৮০১৬১২০৫৯৩

DAINIK CHETANA ●47th Year ●Issue-25 ●TUESDAY● 12 May 2026 ●Price Rs.3.00..EMAIL: chetanacti@gmail.com

Regd. No. RNI 37404/81 ☐ ৪৭ বর্ষ ☐ ২৬ সংখ্যা ☐ ২৮ বৈশাখ ১৪৩৩ ☐ মঙ্গলবার ☐ ১২ মে ২০২৬ ☐ ৩.০০ টাকা ☐ Postal Regd. No. SP/CTI/02/2019-2021.

মেদিনীপুর স্ক্যান সেন্টার প্রাঃ লিঃ
ফোন- 03220-796 818 9144861171
ISO CERTIFIED 9001 : 2015 স্বাস্থ্য ডায়াগনস্টিক সেন্টার
দেশান্তরিত ও গুণসম্পন্ন পরিষেবায় 30বছর অতিক্রান্ত
কাঁথিতে সর্ব প্রথম সম্পূর্ণ ডায়াগনেস্টিক সেন্টার-
NABL ও ISO সার্টিফায়েড
কাঁথি শাখা - কাঁথি খড়গপুর বাইপাশ হেড অফিস - কেরানীতলা, মেদিনীপুর
এম. আর- আই 1.5টেসলা
বিঃ দ্রঃ- প্রতি সোম, মঙ্গল, বুধ, বৃহঃ, শুক্র ও রবি USG হয়। প্রতি বৃহঃ ও রবি - ECO, প্রতি বৃহঃ (সকালে)- অ্যাডোস্কোপি ও স্কোলোনোস্কপি। প্রতি শুক্রবার- নার্ভ সম্বন্ধীয় পরীক্ষা এবং PFT

নবান্নে বসেই কড়া দাওয়াই

সরকারি সম্পত্তি রক্ষা নিয়ে বিধায়ক ও জেলাশাসকদের বড় নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী

১১ মেঃ ক্ষমতায় এসেই দাদাগিরি আর দখলদারি রুখতে কড়া দাওয়াই দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী । সোমবার নবান্নে দলীয় বিধায়কদের নিয়ে একটি বিশেষ বৈঠকে বসেছিলেন তিনি। সেখানেই শুভেন্দু সাফ জানান, সরকারি জমি বা সম্পত্তির ওপর কোনওরকম বেআইনি দখলদারি বরদাস্ত করবে না তাঁর সরকার। শুধু মুখেই বলা নয়, এদিন বিধায়কদের সামনেই জেলাশাসকদের কড়া নির্দেশ দিয়েছেন তিনি।এদিনের বৈঠকে মুখ্যমন্ত্রী দলের বিধায়কদের উদ্দেশ্যে স্পষ্ট ভাষায় বলেন, জনপ্রতিনিধি হিসেবে কাজ মানুষের সেবা করা, কোনও বেআইনি কাজে প্রশ্রয় দেওয়া নয়। তিনি সাফ জানিয়েছেন, রাজ্যে কোনও সরকারি জমি বা আবাসন দখল করা যাবে না। এর আগে বিভিন্ন সময়ে সরকারি সম্পত্তি নিয়ে যে ধরনের অরাজকতার অভিযোগ উঠত, তা যেন এই সরকারের আমলে না ঘটে, সে বিষয়ে বিধায়কদের সতর্ক করে দিয়েছেন তিনি। শুভেন্দুর এই বৈঠকের বিশেষত্ব ছিল জেলাশাসকদের উপস্থিতি। বিধায়কদের সামনেই তিনি ডিএম-দের নির্দেশ দেন, যদি কোথাও সরকারি জমি দখলের চেষ্টা হয়, তবে যেন কোনওরকম রাজনৈতিক রঙ না দেখে কঠোর আইনি পদক্ষেপ নেওয়া হয়। মুখ্যমন্ত্রীর এই পদক্ষেপকে এক ঢিলে দুই পাখি মারা হিসেবেই দেখছে রাজনৈতিক মহল। একদিকে প্রশাসনকে যেমন কাজ করার স্বাধীনতা দিলেন, অন্যদিকে নিজের দলের বিধায়কদেরও বুঝিয়ে দিলেন যে 'আইন সবার জন্য সমান'। মুখ্যমন্ত্রী হওয়ার পর থেকেই শুভেন্দু অধিকারী প্রশাসনিক স্বচ্ছতার ওপর বারবার জোর দিচ্ছেন। এদিনের বৈঠকে তিনি বলেন, কোনওরকম বেআইনি কাজ এই সরকার বরদাস্ত করবে না। প্রশাসন চলবে তার নিজের নিয়মে। মূলত রাজ্যের ভূমি ও রাজস্ব দফতর এবং আবাসন দফতরের কাজ যাতে সুশৃঙ্খলভাবে চলে, সেটাই নিশ্চিত করতে চাইছেন তিনি। শপথ নেওয়ার কয়েকদিনের মধ্যেই শুভেন্দুর এই অ্যাকশন মোড দেখে আমলারাও যেমন তৎপর, তেমনই সাধারণ মানুষের মধ্যেও ইতিবাচক বার্তা যাচ্ছে বলে মনে করছে অভিজ্ঞ মহল।

শুরুতেই ছক্কা, প্রথম ক্যাবিনেট বৈঠকেই নবান্নে ইতিহাস শুভেন্দুর

১১মেঃ নবান্নে প্রথম ক্যাবিনেট বৈঠক করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী । ছিলেন নবনির্বাচিত পাঁচ মন্ত্রী। এছাড়া ছিলেন বিভিন্ন প্রশাসনিক কর্তাব্যক্তিরা। ক্যাবিনেট বৈঠকের পর প্রথমবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে ছয় বড় ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

১. যাঁদের আত্মবলিদানের মধ্য দিয়ে সরকার প্রতিষ্ঠা হয়েছে সেই ৩২১ জন নিহত বিজেপি কর্মীর পরিবারের দায়িত্ব নিল রাজ্য সরকার।

২. রাজ্যের জনবিন্যাস বদলে গিয়েছে। তাই সীমান্ত রক্ষা অত্যন্ত প্রয়োজন। আগামী ৪৫ দিনের মধ্যে বিএসএফকে কাটাতার দেওয়ার জন্য জমি হস্তান্তর করা হবে।

৩. বেটি বাঁচাও, বেটি পড়াও, বিশ্বকর্মা যোজনা, আয়ুষ্মান ভারতের মতো কেন্দ্রীয় প্রকল্পের সঙ্গে যুক্ত হল রাজ্য।

৪. রাজ্যের আইপিএস, আইএএসরা কেন্দ্রের কোনও ট্রেনিংয়ে অংশ নিতে পারতেন না। এবার থেকে চাইলে তাঁরা পারবেন।

৫. আজ থেকে রাজ্যে লাগু ভারতীয় ন্যায় সংহিতা। এতদিন অসাংবিধানিকভাবে আইপিসি লাগু ছিল বঙ্গে।

৬. ২০১৫ সালের পর থেকে রাজ্যে বন্ধ নিয়োগ প্রক্রিয়া। বেকার যুবক-যুবতীদের কথা মাথায় রেখে সরকারি চাকরিতে আবেদনকারীর বয়সের উর্ধ্বসীমা ৫ বছর বাড়ানো হল।

চালু থাকা কোনও সামাজিক প্রকল্প বন্ধ হবে না — মুখ্যমন্ত্রী

১১ মে ঃ ভোটের আগে নানান আর্থিক প্রতিশ্রুতি দিয়েছিল বিজেপি। এর মধ্যে ছিল মহিলাদের জন্য মাসে ৩০০০ টাকা। এ ছাড়াও রয়েছে বেকার যুবক-যুবতীদের জন্য বিশেষ সুবিধা। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের আমলে থাকা একাধিক সামাজিক চালু থাকা প্রকল্প বিজেপি সরকারের জমানাতেও থাকবে, এদিন বিজেপি সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠকের পর এমন সিদ্ধান্তই জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। শুভেন্দু অধিকারী বলেন, 'প্রধানমন্ত্রী যে ঘোষণা করেছিলেন, তা পালন করবে এই সরকার। আগে থেকে চালু কোনও সামাজিক প্রকল্প বন্ধ হবে না'। প্রথম মন্ত্রিসভা বৈঠকের পরেই স্পষ্ট জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী। 'কোনও মৃত ব্যক্তির বা কোনও বিদেশির এই প্রকল্পের সুবিধে পাওয়া উচিত নয়', এমনটাও জানিয়ে দিলেন। তিনি বলেন, ১০ বছর, ৩০ বছর আগের প্রকল্প সব চালু থাকবে। পোর্টালও আপডেট হবে। যা কাজ পরে আছে সেগুলি সব হবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এও বলেন, 'আজ থেকেই আয়ুষ্মান ভারত প্রকল্পে যুক্ত হল পশ্চিমবঙ্গ। প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা, বেটি বাঁচাও বেটি পড়াও। কেন্দ্রীয় প্রকল্পের সঙ্গে যুক্ত হওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পেপারলেস অফিস করব। সমস্ত সুবিধাভোগীরা ডিবিটির মাধ্যমে স্বচ্ছতার সঙ্গে কাজ হবে। তবে কোনও মৃত ব্যক্তি, বা বাইরের ব্যক্তি যাতে এই সুবিধা না পায় সেদিকটিও দেখা হবে।' তৃণমূল সরকার ক্ষমতায় থাকাকালীন রাজ্যের মহিলাদের জন্য 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্প চালু করে। যাতে মাসে ১৫০০ শেষ দেওয়া হয়েছে মহিলাদের। ভোটের আগে বিজেপির সংকল্পপত্রে এই টাকাই বাড়িয়ে দ্বিগুণ করার কথা বলা হয়েছিল। সেই অনুযায়ী, প্রতি মাসে ৩,০০০ টাকা পাওয়ার কথা তাদের। এছাড়াও, স্নাতক উত্তীর্ণ বেকার যুবক-যুবতীদের জন্য প্রতি মাসে ৩,০০০ টাকা ভাতার প্রতিশ্রুতি দিয়েছিল বিজেপি। যেকল ছাত্র-ছাত্রী প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসতে চান, তাদের পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য এককালীন ১৫০০০ টাকা দেবে সরকার। জয় লাভের পর কেন্দ্রীয় সরকারের পিএম-কিষাণ নিধি প্রকল্পের সঙ্গে রাজ্য সরকারের পক্ষ থেকে আরও ৩,০০০ টাকা যোগ করা হবে বলা হয়। অর্থাৎ কৃষকরা বছরে মোট ৯,০০০ টাকা পাবেন এই রাজ্যে। সারা দেশে কিষাণ নিধি যোজনা অনুযায়ী ৬০০০ টাকা দেয় সরকার।

পশ্চিমবঙ্গ জয়ের পর বাড়ল গ্রামীণ কর্মসংস্থানের মেয়াদ

১১ মেঃ সংসদে বিল পাশ এবং রাষ্ট্রপতির অনুমোদনপর্ব সাঙ্গ হয়েছিল আগেই। এ বার গ্রামীণ ভারতে কর্মসংস্থান বাড়ানোর লক্ষ্যে ৯৫.৬৯২ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকার। সেই সঙ্গে আগামী ১ জুলাই থেকে বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) সংক্ষেপে জিরামজি আইন কার্যকরের লক্ষ্যে জারি হল সরকারি বিজ্ঞপ্তি।গত ডিসেম্বরে সংসদের শীতকালীন অধিবেশনে ১০০ দিনের কাজের মেয়াদ বাড়িয়ে ১২৫ দিন করার প্রস্তাব সম্বলিত বিল পাশ হয়েছিল লোকসভা এবং রাজ্যসভায়। এত দিন গ্রামীণ ভারতে ১০০ দিনের কাজের নিশ্চয়তা প্রকল্পের নাম ছিল মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপাওয়ারমেন্ট গ্যারান্টি অ্যাক্ট, ২০০৫ (সংক্ষেপে মনরেগা)। যা বদলে করা হয়েছিল জিরামজি। (বিস্তারিত ২ এর পাতায়)

বাজকুল কলেজের শারীরবিদ্যা বিভাগের মেডিক্যাল কলেজ ভিজিট

১১ মেঃ জাতীয় শিক্ষানীতি অনুসারে কলেজ ছাত্র ছাত্রীদের পঠন-পাঠনের মধ্যে ফিল্ড ওয়ার্ক, ল্যাবরেটরি ভিজিট, শিক্ষামূলক ভ্রমণ এগুলি বিশেষ গুরুত্বপূর্ণ। বাজকুল মিলনী মহাবিদ্যালয় এর শারীরবিদ্যা বিভাগের ছাত্র ছাত্রীরা তাম্রলিপ্ত গভমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটালের এনাটমি মিউজিয়াম পরিদর্শন করে। এখানে মানুষের শরীরের বিভিন্ন অঙ্গ, অস্থি ও অনেক মডেল পরিদর্শন এবং এগুলোর সম্পর্কে জানতে পেয়েছে তাদের ল্যাবরেটরি ভিজিট প্রোগ্রাম এর মাধ্যমে। ২১ জন ছাত্রছাত্রী প্রোগ্রাম অংশগ্রহণ করে। প্রোগ্রামটি পরিচালনা করেন বাজকুল কলেজের শারীরবিদ্যা বিভাগের শিক্ষক মনোজ মাইতি এবং শিক্ষিকা মুনমুন প্রধান। প্রোগ্রামটি প্রসঙ্গে মনোজবাবু মিলনী মহাবিদ্যালয় এর অধ্যক্ষ ড. জয়ন্ত কুমার দে, শরীরবিদ্যা বিভাগের প্রধান ড. শাশ্বতী পড়ুয়া মন্ডল, তমলুক মেডিকেল কলেজের এনাটমি বিভাগের প্রধান এবং অধ্যক্ষ মহোদয় কে কৃতজ্ঞতা জানান এবং বলেন পাঠ্যপুস্তক এর মধ্যে জানা জিনিসগুলো বাস্তবে কোন ল্যাবরেটরির মধ্যে দেখতে পাওয়া অনেকটাই তাৎপর্যপূর্ণ, এর মাধ্যমে সমস্ত বিষয় বস্তুগুলি সম্পূর্ণভাবে জানা যায়।

পৌরসভায় বিজেপির তুমুল বিক্ষোভ, উন্নয়ণ বৈঠকে পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান তথা কাঁথির সাংসদ সৌমেন্দু অধিকারী

১১ মেঃ কাঁথি পৌরসভায় সোমবার দুপুর ১২টা থেকে বিজেপির পক্ষ থেকে তুমুল বিক্ষোভ দেখানো হয়। বিজেপির অভিযোগ, পৌরবাসীরা দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন। "ছাপ্পা মেরে জেতা কাউন্সিলাররা লুটের রাজ চালাচ্ছেন" এই অভিযোগ তুলে পৌর বোর্ডের বিরুদ্ধে সরব হন বিজেপি নেতা-কর্মীরা। সৌমেন্দু অধিকারী, কাউন্সিলার তাপস দোলাই ও সুশীল দাসের নেতৃত্বে পৌর আধিকারিকদের নিয়ে একটি উন্নয়নমূলক বৈঠকের আয়োজন করা হয়। সেখানে পৌর এলাকার নাগরিকদের কীভাবে উন্নত পরিষেবা দেওয়া যায়, তা নিয়ে আলোচনা হয়। বিজেপির দাবি, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ইতিমধ্যেই পৌর এলাকার উন্নয়নের জন্য মুখ্যমন্ত্রী তহবিল থেকে অর্থ বরাদ্দের আশ্বাস দিয়েছেন, যাতে সাধারণ মানুষ সুষ্ঠু পরিষেবা পান। বিক্ষোভে অংশ নিয়ে বিজেপি কাউন্সিলার ও কর্মীরা স্লোগান তোলেন, "পৌরসভা চালাতে না পারলে গদি ছাড়ুন।" এদিন পৌরসভা চত্বরে ছিল বাড়তি উন্মাদনা। বিজেপির দাবি, ২০২০ সালে নানা অপমান ও রাজনৈতিক চাপে সৌমেন্দু অধিকারীকে এই পৌরসভা ছাড়তে হয়েছিল। বর্তমানে সাংসদ হিসেবে তাঁর পৌরসভায় আগমনকে ঘিরে পৌরসভার দরজা-জানালার পর্দা গেরুয়া-সাদা রঙে সাজানো হয় এবং ফুল দিয়ে সজ্জিত করা হয় গোটা চত্বর।বিজেপির আরও দাবি, তৃণমূল কংগ্রেসের একাধিক কাউন্সিলার ইতিমধ্যেই পদত্যাগ করেছেন। যদিও এই বিষয়ে এখনও পর্যন্ত প্রশাসনের তরফে বা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। সমাজমাধ্যমে সাংসদ লিখেছেন কাঁথি পৌরসভা পরিদর্শনে গিয়ে দীর্ঘদিন ধরে সাধারণ মানুষের কাছ থেকে পাওয়া বিভিন্ন অভিযোগ ও সমস্যার বিষয়ে প্রশাসনিক কর্তাদের সঙ্গে বিস্তারিত আলোচনা করলাম। নাগরিক পরিষেবাকে আরও স্বচ্ছ, দ্রুত ও জনমুখী করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এছাড়াও পৌরসভার কর্মী ও সাধারণ মানুষের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ ও মতবিনিময় করলাম। মানুষের স্বার্থে উন্নত পরিষেবা নিশ্চিত করাই আমাদের অঙ্গীকার। এই পৌরবোর্ড সাধারণ মানুষের পরিষেবা দিতে ব্যর্থ। মানুষ শহরে বাড়ী তৈরী করতে গেলে প্ল্যান বহির্ভূত কাটমানি দিতে হয়। শহরে অনিয়ন্ত্রিত টোটো চলাচলে তীব্র যানজটের সৃষ্টি হয়। এই পরিস্থিতি মানা সম্ভব নয়।

গ্রেপ্তার সুজিত বসু

১১ মেঃ সপ্তাহের প্রথম দিনেই টানা জেরার পরে ইডি-র হাতে গ্রেফতার হলেন বিধাননগরের দাদা সুজিত বসু। পুরসভা নিয়োগ দুর্নীতি মামলায় জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে তলব করা হয়েছিল। কিন্তু সিজিও কমপ্লেক্সে ইডি দফতরে হাজিরা দিতে যাওয়ার পরই বয়ানে অসঙ্গতি এবং তদন্তে অসহযোগিতার অভিযোগে তাঁকে গ্রেফতার করেন তদন্ত কারী আধিকারিকরা।পুরসভা নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে গত বছরও সুজিত বসুর বাড়িতে দীর্ঘক্ষণ তল্লাশি চালিয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। অভিযোগ ছিল, দক্ষিণ দমদম পুরসভায় থাকাকালীন নিয়োগের ক্ষেত্রে বড়সড় অনিয়ম হয়েছিল এবং তাতে সুজিত বসুর সরাসরি যোগ ছিল। সেই সূত্র ধরেই বারংবার তাঁকে তলব করা হয়েছিল। তবে এবার ইডি-র দাবি, তাঁর বিরুদ্ধে বেশ কিছু অকাট্য তথ্য ও নথি হাতে এসেছে, যার ভিত্তিতেই এই গ্রেফতারি।মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সোমবারই নবান্নে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স বার্তা দিয়েছিলেন। তার কয়েক ঘণ্টার মধ্যেই এই হাই-প্রোফাইল গ্রেফতারি রাজ্য রাজনীতিতে নতুন করে উত্তাপ বাড়িয়ে দিল।

৬০ বছরের পর এক্সটেনশন বাতিল প্রথম ক্যাবিনেটে ঘোষণা মুখ্যমন্ত্রীর

১১ মেঃ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের অধীন বোর্ড, সংস্থা, নন-স্ট্যাটিউটরি বডি এবং পাবলিক সেক্টর আন্ডারটেকিং গুলিতে নিযুক্ত মনোনীত সদস্য, ডিরেক্টর ও চেয়ারম্যানদের মেয়াদ অবিলম্বে বাতিল করার নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরগুলিকে এই বিষয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আর্জি জানানো হয়েছে প্রশাসনের তরফে। পাশাপাশি, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের কর্মী বা আমলারা যাঁরা ৬০ বছরের পরেও পুনর্নিয়োগ বা পরিষেবা বৃদ্ধির মাধ্যমে কাজ করছেন, তাঁদের চাকরির মেয়াদও অবিলম্বে শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে ৬০ বছর বয়সে অবসরের পর একাধিক আমলাদের বিভিন্ন সরকারি পদের মাথায় রাখা হত। এদিন প্রথম ক্যাবিনেট বৈঠকের পরেই সেই সমস্ত আমলাদের সরিয়ে দিল রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

আইন শৃঙ্খলা ও প্রশাসনিক পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রীর বৈঠক

১১ মে ঃ রাজ্যের প্রশাসনিক ভবন নবান্নে রাজ্যের আইন-শৃঙ্খলা ও প্রশাসনিক পরিস্থিতি খতিয়ে দেখার উদ্দেশ্যে মুখ্যসচিব দুষ্মন্ত নারিয়ালা , স্বরাষ্ট্রসচিব সঞ্জামিত্রা ঘোষ , রাজ্যের ডিজিপি সিদ্ধিনাথ গুপ্ত এবং কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দ -এর সঙ্গে একটি পর্যালোচনা বৈঠক করলেন মুখ্যমন্ত্রী।পশ্চিমবঙ্গের প্রতিটি নাগরিকের নিরাপত্তা, সুশাসন ও সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে একাধিক গুরুত্বপূর্ণ প্রশাসনিক বিষয় নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে।দায়িত্বশীল, স্বচ্ছ ও জনমুখী প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে আমাদের সরকার অঙ্গীকারবদ্ধ।রাজ্যের জনগণের নিরাপত্তা ও শান্তি সুনিশ্চিত করাই প্রাথমিকভাবে সরকারের অগ্রাধিকার যে সমাজমাধ্যমে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

পাঁচ মন্ত্রীর দপ্তর বন্টন

দিলীপ ঘোষ
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, প্রাণী সম্পদ বিকাশ, কৃষি বিপণন

অগ্নিমিত্রা পল
নারী ও শিশু কল্যাণ দপ্তর, পুর বিষয়ক

নিশীথ প্রামাণিক
উত্তরবঙ্গ উন্নয়ন, ক্রীড়া ও যুব কল্যাণ

অশোক কীর্তনীয়া
খাদ্যমন্ত্রী

ক্ষুদিরাম টুডু
আদিবাসী উন্নয়ন, অনগ্রসর শ্রেণি কল্যাণ, সংখ্যালঘু উন্নয়ন, মাদ্রাসা বোর্ড এডুকেশন

সরকারী বাসে ভাড়া নয় মহিলাদের

১১ মে ঃ মুখ্যমন্ত্রী পদে দায়িত্ব নিয়েই বড় ঘোষণা শুভেন্দু অধিকারী জানালেন, সরকারি বাসে সফরের ক্ষেত্রে আর ভাড়া গুণতে হবে না মহিলা যাত্রীদের। ১ জুন থেকে লাগু হবে এই নির্দেশিকা। ছাব্বিশের নির্বাচনের প্রচারের সময় রাজ্যবাসীকে একাধিক প্রতিশ্রুতি দিয়েছিলেন কেন্দ্রীয় নেতারা। সেখানে অন্নপূর্ণা ভাণ্ডারের ৩০০০ টাকা থেকে শুরু করে ছিল মহিলাদের বাস ভাড়া মকুবের মতো প্রতিশ্রুতি। তবে নির্বাচনী প্রতিশ্রুতি কতটা বাস্তবায়িত হবে তা নিয়ে সংশয় ছিল রাজ্যবাসীর মনেই। কিন্তু সরকার গঠন হতে না হতেই দেখা যাচ্ছে প্রতিশ্রুতি পূরণে বদ্ধ পরিকর বিজেপি সরকার। সোমবারই অন্নপূর্ণা ভাণ্ডার কবে থেকে পাওয়া যাবে তার দিনক্ষণ জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। যদিও এখনও সরকারি বিজ্ঞপ্তি প্রকাশ হয়নি। এদিনই মহিলাদের জন্য সরকারি বাসে ভাড়া লাগবে না বলে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী।

তিন থানার ধৃত ৬

১১ মেঃ বিধানসভা নির্বাচন পরবর্তী সময়ে মারধর ও লুঠপাটে যুক্ত থাকার অভিযোগে তিন থানার পুলিশ ৬ অভিযুক্তকে গ্রেপ্তার করে। রবিবার গেঙ্গুরী থানার পুলিশ বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৪ জনকে গ্রেপ্তার করে। ধৃতরা হলো পূর্ব আন্দানবাড়ী গ্রামের গৌতম পাত্র, ভাঙনমারির রূপন মণ্ডেশ, আবদুল্লাচকের তাপস দাস ও তালপাটি থানার পুলিশ রঘুনাথচক গ্রেপ্তার অমল বেরা ও কাঁথি থানার পুলিশ নাটদিঘি গ্রামের জগবন্ধু জানাকে গ্রেপ্তার করে। পুলিশ ধৃতদের সোমবার কাঁথি আলালতে হাজির করলে বিচারক তাদের জামিন নাকচ করে জেল হেফাজতের নির্দেশ দেন।

রামনগর কলেজে সামার ইন্টার্নসিপ প্রোগ্রাম

১১ মে ঃ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ঘউচ-২০২০ পাঠক্রম অনুযায়ী রামনগর কলেজের চতুর্থ সেমেস্টারের আর্টস ও সায়েন্স বিভাগের ছাত্র-ছাত্রীদের সামার ইন্টার্নসিপ প্রোগ্রামের শুভ সূচনা হল। মেদিনীপুর স্কিল ডেভেলাপমেন্ট সোসাইটি ও রামনগর কলেজের যৌথ উদ্যোগে এই কার্যক্রম ১১ মে থেকে ২৯ নে পর্যন্ত চলবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ড. অনন্ত মোহন মিশ্র এবং কোর্স সমন্বয়কারী অধ্যাপকগণ ড. নরনারায়ণ দাশ ও ড. খোকন সিং । তাছাড়া উপস্থিত ছিলেন মেদিনীপুর স্কিল ডেভেলাপমেন্ট সোসাইটির আধিকারিক ও অধ্যাপক-অধ্যাপিকাবৃন্দ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। এই প্রোগ্রামে দুটি বিষয় ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক বা হাতে-কলমে শেখানো হবে, ছাত্রদের জন্য বেসিক আই ডিয়া অফ ইলেকট্রিক এবং ছাত্রীদের জন্য ফেরিক ডিজাইন আজকের বিশ্বায়নের যুগে কেবল পুঁথিগত বিদ্যা যথেষ্ঠ নয়, ছাত্র-ছাত্রীদের হাতে-কলমে কাজ শিখে ভবিষ্যৎ জীবন গড়ে নেওয়ার যে বিরাট সুযোগ রয়েছে সামার ইন্টার্নসিপ প্রোগ্রামের মধ্য দিয়ে: একথা-ই অধ্যক্ষ তাঁর ভাষণের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সামনে তুলে ধরেন।

কন্টাই পাবলিক স্কুলের ২৫শে বৈশাখ

১১ মে ঃ গত ৯ই মে কন্টাই পাবলিক স্কুলে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী তথা ২৫শে বৈশাখ অত্যন্ত শ্রদ্ধা ও মর্যাদার সঙ্গে উদ্‌যাপিত হয়। কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এরপর বিদ্যালয়ের অধ্যক্ষ সমরেন্দ্রনাথ দাস উদ্বোধনী ভাষণ প্রদান করেন। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনদর্শন, সাহিত্যকীর্তি, বিজ্ঞানমনস্কতা এবং ভারতীয় সংস্কৃতিতে তাঁর অসামান্য অবদানের কথা উল্লেখ করেন। রবীন্দ্রসঙ্গীত, নৃত্য, আবৃত্তি ও নাট্যাংশের মাধ্যমে বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষিকারা কবিগুরুর প্রতি তাঁদের শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও এদিন বিদ্যালয়ে পুরস্কার বিতরণী অনুষ্ঠানেরও আয়োজন করা হয়, যেখানে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষাগত উৎকর্ষতার জন্য সম্মানিত করা হয়। বিদ্যালয়ের উচ্চ শ্রেণির ছাত্রছাত্রীদের জন্য ১১ই মে একটি বর্ধিত অনুষ্ঠান আয়োজিত হয়, যেখানে বিদ্যালয়ের ছাত্র ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ বিভিন্ন সাংস্কৃতিক ও শিক্ষামূলক অনুষ্ঠানের মাধ্যমে উপস্থিত সকলের মনোরঞ্জন করেন। অনুষ্ঠানের সমাপ্তি ঘটে বিদ্যালয়ের বরিষ্ঠ সহঅধ্যক্ষ পার্থ সখা পাত্র সমাপনী বক্তব্য ও ধন্যবাদজ্ঞাপনের মাধ্যমে। তিনি অনুষ্ঠানের সফল আয়োজনের জন্য সকল শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রীদের আন্তরিক ধন্যবাদ জানান।

Created by Universal Document Converter